

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৭৭

বিশালগড়, ২৯ নভেম্বর, ২০২৪

এইডস/এইচআইভি সচেতনতা
সিপাহীজলা জেলায় রেড রান র্যালি

এইডস/এইচআইভি সচেতনতা বাড়াতে আজ সিপাহীজলা জেলায় এক রেড রান র্যালি অনুষ্ঠিত হয়। ত্রিপুরা স্টেট এইডস কন্ট্রোল সোসাইটি ও স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে এই র্যালির আয়োজন করা হয়। সকালে বিশ্রামগঞ্জ বাজার থেকে পতাকা নেড়ে রেড রান র্যালির সূচনা করেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল। র্যালির সূচনা করে জেলাশাসক বলেন, এইডস একটি মারাত্মক ব্যাধি। এই রোগকে প্রতিরোধ করতে হলে সবাইকে সচেতন থাকতে হবে। র্যালিটি বিশ্রামগঞ্জ বাজার থেকে বের হয়ে বিশ্রামগঞ্জের বিভিন্ন পথ পরিক্রমা করে। র্যালিতে জেলাশাসক ছাড়াও সিপাহীজলা জেলার (এসপি) বি জে রেড্ডি, সিপাহীজলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দেবশিস দাস, ত্রিপুরা স্টেট এইডস সোসাইটির সহ অধিকর্তা ঈশানী রায় সহ অন্যান্য আধিকারিক এবং বিভিন্ন কলেজ বিদ্যালয় ও প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা অংশ নেয়। র্যালিতে প্রথম স্থানাধিকারিকে পাঁচ হাজার টাকা, দ্বিতীয় স্থানাধিকারীকে তিন হাজার টাকা সহ অংশগ্রহণকারী প্রথম পনেরো জনকে এক হাজার টাকা করে পুরস্কার দেওয়া হয়।
